

পানছড়ি উপজেলার সেপ্টেম্বর/২০২১ মাসের জনস্বাস্থ্য, স্যানিটেশন এবং বিশুদ্ধ পানি সরবরাহ উপজেলা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব চন্দ্রদেব চাকমা, প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি।  
সভা সঞ্চালনা : জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।  
সভার তারিখ : ২০/০৯/২০২১ খ্রিঃ, সময় ১১:০০ ঘটিকা।  
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পানছড়ি, খাগড়াছড়ি।


উপস্থিত সদস্যদের বিবরণী : পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, পানছড়ি, খাগড়াছড়িকে সভা সঞ্চালনার অনুরোধ করেন। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভা পরিচালনার কাজ আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান, এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় তিনি পানছড়ি উপজেলার ‘জনস্বাস্থ্য, স্যানিটেশন এবং বিশুদ্ধ পানি সরবরাহ’ ব্যবস্থার বিস্তারিত চিত্র তুলে ধরার এবং এই বিষয়ে করণীয় নিয়ে আলোচনার অনুরোধ করেন। সভায় উপস্থিত সকলে পানছড়ি উপজেলার বিভিন্ন গ্রামে খাবার পানি সংকটের চিত্র তুলে ধরেন এবং বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে করণীয় নির্ধারণ পূর্বক উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পানছড়ি উপজেলা এবং উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) হতে উপজেলার খাবার পানি সংকট সমাধানের জন্য প্রয়োজনীয় প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

ক্রমিক নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১।	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস	নিম্নোক্ত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পটি প্রস্তাবনা আকারে দাখিল করার জন্য আলোচনা হয়। ক) লতিবান ইউনিয়নের ত্রিদিবেশ্বর পাড়া, উল্টাছড়ি ইউনিয়নের পদিদী পাড়া ও প্রফুল্ল পাড়া এবং চেংগী ইউনিয়নের যুবনাশ পাড়ায় খাবার পানি সরবরাহ। খ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে চাহিদা মোতাবেক সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন গ্রামে গভীর/ অগভীর নলকূপ স্থাপন।	১। ‘উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের ত্রিদিবেশ্বর পাড়া, পদিদী পাড়া ও প্রফুল্ল পাড়া এবং যুবনাশ পাড়ায় খাবার পানি সরবরাহ নামে একটি উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহণ। ২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে চাহিদা মোতাবেক সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন গ্রামে গভীর/ অগভীর নলকূপ স্থাপন।	উপজেলা কমিটি (জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ)

পরিশেষে আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(চন্দ্রদেব চাকমা)  
প্যানেল চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
পানছড়ি, খাগড়াছড়ি।







স্মারক নং ৪

তারিখ : ২০/০৯/২০২১খ্রিঃ

পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর :

ক্রমিক নং	নাম	অবস্থান	স্বাক্ষর
০১।	জনাব চন্দ্রদেব চাকমা, প্যানেল চেয়ারম্যান	সভাপতি	
০২।	জনাব বিজয় চাকমা, চেয়ারম্যান, ৫নং উল্টাছড়ি ইউপি	সদস্য	পক্ষে - 
০৩।	জনাব প্রতুণ্ডর চাকমা, চেয়ারম্যান, ১নং লোগাং ইউপি	সদস্য	পক্ষে - 
০৪।	জনাব মো. নাজির হোসেন, চেয়ারম্যান, ৩নং পানছড়ি সদর ইউপি।	সদস্য	পক্ষে - 
০৭।	জনাব মো: জাহাঙ্গীর আলম সরকার, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।	সদস্য-সচিব	